

নং: ৩৩.০৭.০০০০.০০১.১১.০৫৩.৯৫-৬২৭

তারিখ: ০৫ পৌষ, ১৪২৯/২০ ডিসেম্বর, ২০২৩

নিয়োগ বিজ্ঞপ্তি

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ১৪ ডিসেম্বর ২০২৩ তারিখের ছাড়পত্র সংখ্যা ৩৩.০০.০০০০.১২৮.১৫.০০৯.২২.১৮০ মোতাবেক মেরিন ফিশারিজ একাডেমির নিম্নে বর্ণিত শূন্য পদে সরাসরি নিয়োগের জন্য নির্ধারিত ফর্মে আবেদনপত্র আহ্বান করা হলো:

ক্রঃ	পদের নাম	বেতন স্কেল/গ্রেড (জাঃবেঃস্কেঃ ২০১৫)	পদের সংখ্যা ও ধরন	প্রয়োজনীয় যোগ্যতা	কোটা সংক্রান্ত প্রতিবন্ধকতা
১।	ল্যাবরেটরী এ্যাসিস্টেন্ট	টাকা:৯৩০০-২২৪৯০ গ্রেড:১৬	০১ (এক)টি রাজস্ব খাতভুক্ত স্থায়ী পদ	(ক) কোন স্বীকৃত বোর্ড হইতে জীব বিজ্ঞানসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) তথ্য প্রযুক্তি ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা।	ক। কোটা না থাকার কারণে চট্টগ্রাম বিভাগ, রাজশাহী বিভাগ এবং বরিশাল বিভাগের অন্তর্ভুক্ত জেলাসমূহের প্রার্থীগণ আবেদন করতে পারবে না। খ। সকল জেলার এতিমখানার নিবাসীগণ প্রয়োজনীয় যোগ্যতা থাকা স্বাপেক্ষে আবেদন করতে পারবে।

শর্তাবলীঃ

- ১। প্রার্থীকে বাংলাদেশের প্রকৃত নাগরিক ও স্থায়ী নিবাসী হতে হবে।
- ২। প্রার্থী যদি কোন বিদেশি নাগরিকের সাথে বিবাহ বন্ধনে আবদ্ধ হন অথবা কোন বিদেশি নাগরিককে বিবাহের জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন তবে তিনি নিয়োগের অযোগ্য বিবেচিত হবেন।
- ৩। প্রার্থীর বয়স ৩১ জানুয়ারি ২০২৪ তারিখে সর্বোচ্চ ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। এ ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
- ৪। আবেদন ফর্ম সরকারি ওয়েবসাইট www.forms.mygov.bd অথবা মেরিন ফিশারিজ একাডেমির ওয়েবসাইট www.mfacademy.gov.bd এর Notice Board লিংক হতে download করে সংগ্রহ করা যাবে।
- ৫। আবেদনপত্র আগামি ৩১ জানুয়ারি ২০২৪ তারিখের মধ্যে, অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি, মৎস্য বন্দর, চট্টগ্রাম-৪০০০ বরাবরে হাতে হাতে/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসযোগে পৌঁছাতে হবে।
- ৬। সরকারী/স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এক্ষেত্রে অগ্রিম কপি গ্রহণযোগ্য নহে।
- ৭। নিয়োগ পরিক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত টাকা) ট্রেজারী চালানের মাধ্যমে “১-৪৪৩২-০০০১-২০৩১” কোডে বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংকে জমা করে চালানের মূল কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।
- ৮। নিয়োগ পরিক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ৯। অসম্পূর্ণ, ত্রুটিযুক্ত ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল করা হবে।
- ১০। কর্তৃপক্ষ কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বাক্ষরিত/
অধ্যক্ষ